দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 01 MAY 2007
পৃষ্ঠা ১৪ কলাম ... ২

# রাবির অনিয়ম তদন্তে তত্ত্বাবধায়ক সরকারের কাছে ২০১ শিক্ষকের দাবি

রাবি সংবাদদাতা॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিগত পাঁচ বছরের অনিয়ম-দুর্নীতি তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) গঠিত কমিটি পুনর্গঠন করে সৎ ও ন্যায়পরায়ণ শিক্ষাবিদদের নিয়ে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের দাবি জানিয়েছেন রাবির দুই শ' একজন শিক্ষক। শনিবার এক যুক্ত বিবৃতিতে তত্ত্বাবধায়ক সরকারের কাছে তাঁরা এ দাবি জানান। বিবৃতিতে বলা হয়, 'রাবির অনিয়ম ও দুর্নীতি তদন্তের জন্য ইউজিসি কমিশনের অন্যতম সদস্য অধ্যাপক মাহবুবউল্লাহর নেতৃত্বে একটি কমিটি গঠন করেছে। কিন্তু দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ন্যায় ইউজিসিতেও বিগত চারদলীয় জোটের অনুসারীরা এখনও দায়িত্বে রয়েছেন। এমনকি কমিশনের চেয়ারম্যানসহ অনেক সদস্যের বিরুদ্ধেও দুর্নীতির অভিযোগ রয়েছে, যা সাম্প্রতিককালে বিভিন্ন দৈনিকে প্রকাশ পেয়েছে। এছাড়া রাবিতে সংঘটিত বিভিন্ন অনিয়ম-দুর্নীতির খবর জাতীয় দৈনিকে প্রকাশিত হয়। শিক্ষক সমাজ এসব অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার অবস্থান নিলেও ইউজিসি এসব বিষয়ে খতিয়ে দেখা বা অনিয়ম বন্ধ করার চেষ্টা করেনি। এজন্য এই দলীয় কমিশনের সদস্যদের দিয়ে রাবির দুর্নীতি ও অনিয়মের তদন্ত করা সমীচীন হবে না বলে আমরা মনে করি।' শিক্ষকগণ চারদলীয় জোটের আদর্শপুষ্ট ও দুর্নীতি পরায়ণ এসব ব্যক্তিকে সরিয়ে সৎ ও ন্যায়পরায়ণ শিক্ষাবিদদের দিয়ে কমিশন পুনর্গঠনের মাধ্যমে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের জন্য তত্ত্বাবধায়ক সরকারের কাছে দাবি জানান।